



দুমাউস

DUSTHA MANAB UNNAYAN SOCIETY (DMUS)
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)

Ref :

দুমাউস/বিজ্ঞপ্তি/

Date ২০/০২/২০২৪ খ্রিঃ।

বরাবর
সম্পাদক/ বার্তা সম্পাদক
দৈনিক
বরিশাল।


প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : তামাক ও তামাকজাত কোম্পানীর কারণে প্রতিবছর ১ লক্ষ ৬১ হাজারের অধিক মানুষ বিভিন্ন জটিল রোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছেন। যার কারণে এ দেশের অর্থনৈতিক ক্ষতি হচ্ছে ৩০ হাজার ৫ শত ৭০ কোটি টাকা। আবার বাজারে আসছে ই-সিগারেট ৷ নতুন প্রজন্ম স্বাস্থ্য ঝুঁকিতে পড়বে।

বেসরকারী উন্নয়ন সংস্থা “দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)” আজ ২০/০২/২০২৪ খ্রিঃ, রোজঃ মঙ্গলবার প্রেস বিজ্ঞপ্তিতে জানান, ব্রিটিশরা ব্যবসার অজুহাতে ভারত উপ-মহাদেশে দুইশত বছর শোষণ এবং শাসন করেছেন। দুঃখজনক হলেও সত্যি তাদের এই শোষণের অপচেষ্টা এখনও অব্যাহত রয়েছে। বিশেষতঃ বাংলাদেশের সিগারেটের বাজার নিয়ন্ত্রণ করছে বিএটিবি এবং জেটিআই নামে দুটি বিদেশী সিগারেট কোম্পানি। সম্প্রতি তরুন ও যুব সমাজকে ধ্বংস করতে বাজারে ই-সিগারেট নিয়ে নতুন একাধিক কোম্পানি বাংলাদেশের বাজারে প্রবেশ করতে যাচ্ছেন। যা আগামী প্রজন্ম স্বাস্থ্য ঝুঁকিতে পাড়বে। এদিকে তামাক ও তামাকজাত কোম্পানী কর্মকাণ্ডের (ব্যবসা) জন্য প্রতিবছর ১ লক্ষ ৬১ হাজারের অধিক মানুষ বিভিন্ন জটিল রোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছেন। যার কারণে এ দেশের অর্থনৈতিক ক্ষতি হচ্ছে ৩০ হাজার ৫ শত ৭০ কোটি টাকা।

বাংলাদেশের তরুন ও যুব সমাজ ভবিষ্যত দেশ গড়ার কারিগর। সেই তরুন ও যুব সমাজকে কৌশলে প্রথম তামাক ও তামাকজাত দ্রব্য সেবনে আসক্ত করা হচ্ছে। পরবর্তীতে নেশায় আসক্ত হচ্ছে। এক্ষেত্রে তামাক কোম্পানী গুলো বেপরোয়াভাবে আইন লঙ্ঘন করে অস্বাস্থ্যকর ভূমিকায় অবতীর্ণ হচ্ছেন। বাংলাদেশের ৪৫টি জেলায় ৯৪৪টি স্থানে ৮ হাজার ১৯টি বিক্রয় কেন্দ্র থেকে ৩২ হাজার তামাক নিয়ন্ত্রণ আইন লঙ্ঘনের তথ্য পাওয়া গেছে। আইন লঙ্ঘনে দুটি বিদেশী সিগারেট কোম্পানী ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ (বিএটিবি)(৯৬%) এবং জাপান টোব্যাকো ইন্টারন্যাশনালের (জেটিআই) (৮৭%) সর্বাধিক সম্পৃক্ততা পাওয়া গেছে। তারা আইন কানূনের কোন তোয়াক্কা করছেন না। বর্তমান প্রেক্ষাপটে আইন লঙ্ঘনকারী বেপরোয়া কোম্পানী গুলোকে নিয়ন্ত্রণে অনতিবিলম্বে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইনটি শক্তিশালী করা জরুরী।

বাংলাদেশ তামাক বিরোধী জোট এবং দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) সিগারেট কোম্পানী গুলোর এ ধরনের হীন কর্মকাণ্ডের তীব্র নিন্দা জানানোর পাশাপাশি যাতে কোনো ব্যক্তি-গোষ্ঠি শুধুমাত্র সিগারেট কোম্পানী গুলোর লাভের জন্য মানুষের জীবনকে হুমকীতে ফেলতে না পারে, তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে। সেই সাথে সরকারের প্রতি জনস্বাস্থ্যকে প্রাধান্য দিয়ে দ্রুত বিদ্যমান আইনটি শক্তিশালী করার আহবান জানাচ্ছে।



এইচএম আখতারুজ্জামান
নিবাহী পরিচালক, দুমাউস।

📍 Head Office : Puran Post office Road, Nalchity, Jhalokati, Bangladesh

✉ E-mail: dmusbd@yahoo.com 📞 +88 01712-174699 📠 04953-74230